যুগান্তর

তারিখ ...২৯।৪।২০০৩...
পৃষ্ঠা ...৩... কলাম ...৪...

303

# ডিগ্রি পরীক্ষা কেন্দ্র স্থানান্তর বিভিন্ন স্থানে অবরোধ

যুগান্তর রিপোর্ট

ডিগ্রি পরীক্ষা কেন্দ্র স্থানান্তরের প্রতিবাদে দেশের বিভিন্নস্থানে ছাত্র বিক্ষোভ হয়েছে। ছাত্ররা লক্ষ্মীপুর-বেগমগঞ্জ ও কুষ্টিয়া-প্রাগপুর সড়ক অবরোধ করে রাখে। হবিগঞ্জের নবীগঞ্জে ছাত্ররা উপজেলা নির্বাহী অফিসারের অফিসে হামলা ও ভাংচুর করেছে। এছাড়া পটুয়াখালীর বাউফল কলেজের ছাত্ররা বিক্ষোভ মিছিল বের করে। যুগান্তরের প্রতিনিধিরা জানান—

লক্ষ্মীপুর : লক্ষ্মীপুর-বেগমগঞ্জ রুটের চন্দ্রগঞ্জ নামক স্থানে বুধবার কফিল উদ্দিন ডিগ্রি কলেজের ছাত্ররা সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত ৫ ঘণ্টা সড়ক অবরোধ করে রাখে। ফলে প্রায় দুকিলোমিটার দীর্ঘ যানজটে শত শত যানবাহন আটকা পড়ে। চলতি বছর কফিল উদ্দিন ডিগ্রি কলেজের ডিগ্রি পরীক্ষা কেন্দ্র রামগঞ্জ সরকারি কলেজে স্থানান্তর করা হয়েছে। এ খবর ছড়িয়ে পড়লে কলেজ ছাত্ররা তাৎক্ষণিক বিক্ষোভ মিছিলসহকারে কলেজের সামনের সড়কে বড় বড় গাছের গুড়ি,

কেন্দ্র : পৃষ্ঠা : ১৫ কলাম : ৮

## কেন্দ্র : স্থানান্তর

(পৃষ্ঠা ৩-এর পর)

বৈদ্যুতিক পিলার ফেলে সড়ক অবরোধ করে। খবর পেয়ে অতিরিক্ত পুলিশ সুপার মোঃ আমিনের নেতৃত্বে একদল পুলিশ গিয়ে ছাত্রদের সঙ্গে দীর্ঘ আলোচনার পর কেন্দ্র পুনঃস্থাপনের ব্যাপারে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাবে আশ্বাস দিলে বিকেল ৩টায় তারা অবরোধ তুলে নেয়।

দৌলতপুর : দৌলতপুর ডিগ্রি কলেজের ৫ শতাধিক ছাত্র বুধবার সকালে তারাগুনিয়া থানা মোড়ের কাছে ব্যস্ততম কুষ্টিয়া-প্রাগপুর সড়ক ২ ঘণ্টা অবরোধ করে রাখে। সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত এ অবরোধ চলে। দৌলতপুর ডিগ্রি কলেজে শনিবার থেকে সব ক্লাস বন্ধ রয়েছে।

হবিগঞ্জ : বুধবার সকালে নবীগঞ্জ ডিগ্রি কলেজ থেকে ডিগ্রি পরীক্ষার কেন্দ্র বাতিল করে হবিগঞ্জ বৃন্দাবন কলেজে স্থানান্তরের খবর পেয়ে একদল ছাত্র উপজেলা নির্বাহী কর্মকর্তার অফিসে হামলা ও ভাংচুর করেছে। অফিসপাড়ায় নিরাপত্তা বিধানের স্বার্থে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।

পটুয়াখালী : ডিগ্রি পরীক্ষার কেন্দ্র বাউফল থেকে দুমকীতে স্থানান্তর করার প্রতিবাদে বাউফল ডিগ্রি কলেজের ৩ শতাধিক ছাত্রছাত্রী গতকাল কলেজ থেকে বিক্ষোভ মিছিল বের করে। পরে বিক্ষোভ সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখে শফিকুল ইসলাম শিপন, মনির মোল্লা, খলিল প্রমুখ।